**বাংলাদেশ ব্যাংক**

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১**

বিআরপিডি-১ সার্কুলার নং-১৮

তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২৬ / ২৩ ভাদ্র ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ এবং কর্মকর্তা/কর্মচারী নিয়োগ ও স্থায়ীকরণ প্রসঙ্গে**

দেশের ব্যাংকিং খাতের সুশাসন, স্থিতিশীলতা ও আমানতকারীদের স্বার্থ সংরক্ষণে ব্যাংকসমূহে স্বচ্ছ, জবাবদিহিতামূলক ও মেধাভিত্তিক মানবসম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করা অপরিহার্য। এ লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ, স্থায়ীকরণ, প্রশিক্ষণ, কর্মদক্ষতা মূল্যায়ন, পদোন্নতি, নৈতিকতা ও শৃঙ্খলা ব্যবস্থাপনাসহ মানবসম্পদ ব্যবস্থাপনার সকল ক্ষেত্রে সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের উদ্দেশ্যে প্রতিটি ব্যাংকের জন্য যুগোপযোগী, সমন্বিত ও কার্যকর মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করা প্রয়োজন।

২. উপর্যুক্ত প্রেক্ষাপটে ব্যাংকের কর্পোরেট সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে ন্যূনতম নিম্নোক্ত বিষয়সমূহে পরিপালিতব্য সুনির্দিষ্ট নীতি/পদ্ধতি অন্তর্ভুক্তকরত মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো:

২.১ স্থায়ী ও অস্থায়ী ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ
২.২ শিক্ষানবিশ কাল ও স্থায়ীকরণ
২.৩ প্রশিক্ষণ ও সক্ষমতা উন্নয়ন
২.৪ বেতন, ভাতা, সম্মানী ও চাকুরিচ্যুতি/অবসর পরবর্তী প্রাপ্য সুবিধাদি
২.৫ কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে প্রদেয় ঋণ/আগাম (প্রযোজ্য ক্ষেত্রে)
২.৬ কর্মদক্ষতা মূল্যায়ন
২.৭ জ্যেষ্ঠতা নির্ধারণ, পদোন্নতি ও পদাবনমন
২.৮ পদায়ন ও বদলি
২.৯ শীর্ষ নির্বাহী/C-Suite পর্যায়ের কর্মকর্তাদের উত্তরাধিকার পরিকল্পনা (Succession Planning)
২.১০ চাকুরির অবসান, ইস্তফাদান/পদত্যাগ, চাকুরিচ্যুতি ও পুনঃনিয়োগ
২.১১ ছুটি ও কর্মস্থলে অনুপস্থিতি সংক্রান্ত বিধান
২.১২ কর্মকর্তা/কর্মচারীদের আচরণবিধি (Code of Conduct)
২.১৩ শৃঙ্খলা ও স্বার্থের সংঘাত (Conflict of Interest) ব্যবস্থাপনা
২.১৪ দাপ্তরিক গোপনীয়তা বিধান ও Whistle Blower Policy
২.১৫ চাকুরিরত থাকা অবস্থায় ব্যক্তিগত ব্যবসা/অন্য পেশায় নিয়োজিত থাকা সংক্রান্ত বিধান
২.১৬ কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ/অসন্তোষ নিরসন পদ্ধতি
২.১৭ কর্মকর্তা/কর্মচারী দ্বারা সংগঠিত অনিয়ম/অপরাধের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক গৃহীতব্য ব্যবস্থাদি, আপিল, পুনর্বিবেচনা ও পুননিরীক্ষণ
২.১৮ বৈচিত্র্য ও অন্তর্ভুক্তিমূলক কর্মপরিবেশ নিশ্চিতকরণ এবং কর্মস্থলে হয়রানি প্রতিরোধ সংক্রান্ত নীতিমালা

৩. উপর্যুক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্তকরত নতুনভাবে প্রণীত/হালনাগাদকৃত মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা ৩১ মার্চ ২০২৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৪. এছাড়া, ব্যাংকিং খাতে অধিকতর শৃঙ্খলা ও সুশাসন নিশ্চিতকরত গ্রাহকের আস্থা অর্জনের নিমিত্ত কর্মকর্তা/কর্মচারী নিয়োগ ও স্থায়ীকরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো যা অবিলম্বে কার্যকর হবে:

৪.১ ব্যাংকের যে সকল পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর অভিজ্ঞতা আবশ্যক নয় এরূপ এন্ট্রি পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা এবং আবেদনের সুযোগের সমতা নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংকের ওয়েবসাইট/job site/কমপক্ষে ২টি জাতীয় দৈনিক পত্রিকায় এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত পদসমূহ এন্ট্রি পদ (ব্যাংক ভেদে পদের নাম ভিন্ন হতে পারে) হিসেবে বিবেচিত হবে:

(ক) ম্যানেজমেন্ট ট্রেইনি অফিসার/সিনিয়র অফিসার/প্রবেশনারি অফিসার বা সমমানের পদ;

(খ) ট্রেইনি অ্যাসিস্ট্যান্ট অফিসার/জুনিয়র অফিসার/ট্রেইনি ক্যাশ অফিসার/জুনিয়র ক্যাশ অফিসার/ক্যাশ অফিসার বা সমমানের পদ;

৪.২ এন্ট্রি পদে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সশরীরে অংশগ্রহণ/অনলাইন অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় নৈর্ব্যক্তিক এবং/অথবা লিখিত পরীক্ষার পাশাপাশি মৌখিক পরীক্ষার আয়োজন এবং উক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সবচেয়ে যোগ্য ও মেধাবী প্রার্থীকে ব্যাংকে নিয়োগ প্রদান করতে হবে;

৪.৩ ব্যাংকে এন্ট্রি পদ ব্যতীত অন্যান্য উচ্চতর পদে অন্য প্রতিষ্ঠান হতে কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রেও প্রতিযোগিতামূলক পদ্ধতি (এক্ষেত্রে ন্যূনতম মৌখিক পরীক্ষার আয়োজন) অবলম্বন করতে হবে;

৪.৪ কর্মকর্তা/কর্মচারী যোগদানের ১ বছরের মধ্যে তাদের সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র যাচাই সম্পন্ন করতে হবে। অত্র সার্কুলার জারির পূর্বে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অনুরূপভাবে যাচাইকরণ ৩১ মার্চ ২০২৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

৪.৫ এন্ট্রি পদ ব্যতীত অন্যান্য উচ্চতর পদে অন্য প্রতিষ্ঠান হতে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে পূর্বের প্রতিষ্ঠান হতে প্রার্থীর শিক্ষাগত সনদ যাচাই করা হয়েছে মর্মে প্রত্যয়ন গ্রহণ সাপেক্ষে উক্ত কর্মকর্তা/কর্মচারীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে পৃথকভাবে যাচাই করার প্রয়োজন হবে না। তফসিলি ব্যাংকসমূহ হতে কোনো কর্মকর্তা/কর্মচারীকে অব্যাহতি প্রদানের ক্ষেত্রে প্রদত্ত অব্যাহতিপত্রে (Release Order) উক্ত কর্মকর্তা/কর্মচারীর শিক্ষাগত যোগ্যতার কোন সনদ যাচাই করা হয়েছে তা আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে;

৪.৬ নিয়োগ পরবর্তীতে কর্মকর্তা/কর্মচারী কর্তৃক পদোন্নতি লাভ অথবা কোনোরূপ আর্থিক ও অ-আর্থিক সুবিধা গ্রহণের লক্ষ্যে দাখিলকৃত প্রফেশনাল সার্টিফিকেশন/শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ইস্যুকারী বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান/ইনস্টিটিউট এর নিকট হতে যাচাইকরত কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করতে হবে;

৪.৭ পরামর্শক/উপদেষ্টা ব্যতীত অন্যান্য পদে চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে তাদের দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ৪.৪ ও ৪.৫ নং অনুচ্ছেদে বর্ণিত প্রক্রিয়ায় যাচাই করতে হবে; এবং

৪.৮ নিয়োগকালীন বা পরবর্তীতে কোনো কর্মকর্তা/কর্মচারীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র জাল প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ ও ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২০ এর নির্দেশনা মোতাবেক এতদ্‌সংক্রান্ত তথ্যাদি CMMS-Corporate Memory Management System-এ অন্তর্ভুক্ত করতে হবে।

৫. ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোন: ৯৫৩০২৫২